

দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লিঃ

গাজীপুর-১৭০৩

নথি নং ৫৩.১৮.৩৩০০.০৩৭.০৬.০২১.১৯

তারিখঃ ১৮-১২-১৯ খ্রি.

বিষয়ঃ ইনোভেশন টিমের সভা প্রসংগে।

করপোরেশনের অফিস নির্দেশ নং এসপিসিবি/প্রশা:/পার্সো:/০৪/২০১৭-২৪০ তারিখ ১৪/১১/১৭ এবং অফিস নির্দেশ নং ৫৩.১৮.৩৩০০.০০৩.১৮.০০১.১৯-২২৫ তারিখ ২৭/০৮/২০১৯ এর আলোকে গঠিত ইনোভেশন টিম এর একটি সভা অদ্য ১৮/১২/২০১৯ইং তারিখ সকাল ১১:০০টায় ইনোভেশন অফিসার ও মহাব্যবস্থাপক (প্রশাসন) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনোভেশন টিমের সদস্য জনাব কামাল আহমেদ, সিস্টেমস এনালিস্ট উপস্থিত ছিলেন। জনাব মোঃ কবির উদ্দিন, সহকারী প্রোগ্রামার ছুটিতে থাকায় সভায় উপস্থিত ছিলেন না। ইনোভেশন টিমের বিগত ১৫/০৪/২০১৯ইং তারিখে অনুষ্ঠিত মাসিক সভার পরবর্তী উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় প্রাপ্ত উদ্ভাবনী পরিকল্পনার বাস্তবায়ন/বর্তমান অবস্থা ও করনীয় নিম্নরূপঃ

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করনীয়
নিজ অফিসের সেবা সহজীকরণ অথবা সেবায় ইনোভেশনঃ	বাংলাদেশ ব্যাংকের সাথে বর্ণিত বিষয়ে যোগাযোগ করা যেতে পারে।	বাংলাদেশ ব্যাংকে ০৬-০৫-১৯তারিখ পত্র প্রেরণ করা হয়েছে; তাদের নিকট থেকে কোন তথ্যাদি পাওয়া যায়নি। তবে বাংলাদেশ ব্যাংকের ডিসিএম এর মাধ্যমে বিপিএ কার্যক্রম প্রক্রিয়াধীন।	-
ই-সেবা ও ই-ফাইলিং কার্যক্রমঃ	পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে প্রশাসন বিভাগের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।	-	পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্তে পূর্বের ন্যায় পার্সোনেল সার্ভিসেস শাখার মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে পত্র প্রেরণ করা যায়।
আইডিয়া ম্যানেজমেন্ট ও স্কেলআপঃ	-	ইনোভেশন বাজে কোন আইডিয়া পাওয়া যায়নি।	-
ট্রেনিং:	প্রস্তাব মোতাবেক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা যায়।	করপোরেশনের নিজ ব্যবস্থায় উৎপাদন সংশ্লিষ্ট ২০ জন কর্মকর্তাদের নিয়ে করপোরেশনের ইনোভেশন টিমের তত্ত্বাবধানে পূর্বের ন্যায় ২দিনের কর্মশালার গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	প্রশিক্ষণে প্রাপ্ত ৪টি চিহ্নিত সেবার উদ্ভাবনী আইডিয়া সমূহ কর্তৃপক্ষের অবগতির জন্য উপস্থাপন করা যায়।
ইনোভেটরদের আর্থিক সহায়তা প্রদানঃ	-	ই-পেনশন সেবার সংশ্লিষ্ট যন্ত্রাংশ সংগ্রহে টিম লিডারকে আর্থিক মঞ্জুরী প্রদান করা হয়েছে।	করপোরেশনের নিজ ব্যবস্থায় প্রশিক্ষণে প্রাপ্ত ৪টি চিহ্নিত সেবার মধ্যে কর্তৃপক্ষের অনুমোদিত সেবার জন্য আর্থিক মঞ্জুরী প্রদান করা যেতে পারে।
পুরস্কার প্রদানঃ	-	করপোরেশনে কর্মরত আইডিয়া প্রদানকারী সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচিত হওয়া সাপেক্ষে পুরস্কার প্রদানের প্রক্রিয়া গ্রহণ করা হবে।	-
পার্টনারশিপ ও নেটওয়ার্কিং:	-	-	-
সোশ্যাল মিডিয়ার ব্যবহারঃ	করপোরেশনের জন্য সামাজিক মাধ্যম ফেসবুক পেইজ www.facebook.com/spcbl.gazipur বন্ধ হয়ে যাওয়ায় এর পরিবর্তে www.facebook.com/Takshal ফেসবুক পেইজ খোলা হয়েছে।	-	-

পূর্ব পৃষ্ঠার পর

বিষয়	পূর্ববর্তী সভা	বর্তমান অবস্থা	করনীয়
প্রকাশনা ও ডকুমেন্টেশনঃ	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী সংক্রান্ত তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।	কার্যবিবরণী স্বাক্ষরের পর তথ্যাদি ওয়েব সাইটে আপলোড করা যেতে পারে।

ম্যানেজমেন্ট কমিটির গত ২৭/১১/১৯ইং তারিখের ১৭৩ তম সভার পরামর্শ এবং ইনোভেশন টিমের কার্যপরিধির ৪.৩ অনুযায়ী উদ্ভাবনী কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি সভা প্রতিমাসে নিয়মিতভাবে করার এবং যে মাসে ম্যানেজমেন্ট কমিটির সভা হবে সেই মাস পর্যন্ত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবদেনসহ ম্যানেজমেন্ট কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আজিজুল হক)
ইনোভেশন অফিসার ও
মহাব্যবস্থাপক (প্রশাসন)